



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/২১০/রেজি:/৫২৪

তারিখ : ৩০/০৯/২০২১

বিষয় : ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অনলাইনে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের বিভাগ পরিবর্তন, বিষয়, ছবি, অন্যান্য তথ্য সংশোধন ও বাদপড়া শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক/স্কুল এন্ড কলেজ) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতিপূর্বে শেষ হয়েছে। কোভিড- ১৯ মহামারির কারণে যে সমস্ত শিক্ষার্থী রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে পারেনি বা অন্য কোন কারণে বাদ পড়েছে এবং বোর্ড পরিবর্তন করে ভর্তি হয়েছে। এধরনের বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন, বিষয় ও বিভাগ পরিবর্তন এবং পূর্বে দাখিলকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় সংশোধন করার সুযোগ দেয়া হলো।

২। উক্ত কার্যক্রমসমূহ আগামী ১৭/১০/২০২১ তারিখের মধ্যে অনলাইনে সংশোধন করতে হবে এবং বাদপড়া শিক্ষার্থীদেরও (নির্ধারিত খাতে সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে হবে) রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। নিম্নে ফি-এর হার দেয়া হলো :

শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি (পূর্বের ন্যয়)	: ১৬৩/-
শিক্ষার্থী প্রতি বিভাগ পরিবর্তন ফি	: ৫০০/-
শিক্ষার্থী প্রতি বিষয় সংশোধন	: ১০০/-

উল্লেখ্য, বর্ণিত তারিখের পর পরবর্তীতে কোন অবস্থাতেই উক্তরূপ সংশোধন এবং বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করার সুযোগ দেয়া হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন, সংশোধন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

বিশেষ দৃষ্টব্য: ২০২১ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইনে তথ্য আপলোড, নিবন্ধন এবং পূর্বের নিবন্ধনকৃত শিক্ষার্থীদের তথ্য সংশোধনের সময়সীমা ০৭/১০/২০২১ তারিখ পর্যন্ত বহাল রয়েছে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন : ৫৮৬১০০৬৯

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান
(মাধ্যমিক/স্কুল এন্ড কলেজ)

মেমো নং: ৫২৪(৭)

তারিখ: ৩০/০৯/২০২১

অনুলিপি :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। উপপরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।